

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০২.১৬. ২০২

তারিখ : ২৮ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ।  
১২ মার্চ, ২০১৭ খ্রিঃ।

বিষয় : কুমিল্লা জেলার মনোহরগঞ্জ উপজেলার সরসপুর ইউনিয়ন পরিষদের কার্যক্রম পরিচালনা সংক্রান্ত।

সূত্র : জেলা প্রশাসক, কুমিল্লা কার্যালয়ের পত্র নং-১৪৩, তারিখঃ ০৯/০২/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার মনোহরগঞ্জ উপজেলার সরসপুর ইউনিয়ন পরিষদের নির্বাচন নির্দিষ্ট সময়ে সম্পন্ন হলেও নির্বাচনে ভোট গ্রহণে অনিয়মের অভিযোগ এনে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৪৬২১/২০১৬ চলমান থাকায় গেজেট প্রকাশিত হয়নি বিধায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১০১ ধারার ক্ষমতাবলে পরবর্তী পরিষদ গঠিত না হওয়া পর্যন্ত উল্লিখিত ইউনিয়ন পরিষদের ০৫(পাঁচ) বছর উত্তীর্ণ হওয়ার তারিখ হতে বর্তমান পরিষদকে উক্ত পরিষদের কার্যক্রম পরিচালনার ক্ষমতা অর্পণ করা হলো। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেক্রমে অনুরোধ করা হলো।

০২। মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১৪৬২১/২০১৬ এর সর্বশেষ নির্দেশনা প্রেরণের জন্যও জেলা প্রশাসক, কুমিল্লাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

( মোঃ মাহবুবুর রহমান )

উপসচিব

☎ ৯৫৮৬৬০৫

Email : [lgupl@lgd.gov.bd](mailto:lgupl@lgd.gov.bd)

জেলা প্রশাসক  
কুমিল্লা।

অনুলিপিঃ

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, মনোহরগঞ্জ, কুমিল্লা।
- ০৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।